স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত
## হ্যানিম্যান হল
মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান
হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।
হোমিও পেটেণ্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।
**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ
### সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
**পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ**
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৭ই বৈশাখ বুধবার ১৩৭০ ইংরাজী 1st May, 1963 { ৪৯শ সংখ্যা




## রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ঝুল, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



## খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।
বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।
বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৭ই বৈশাখ বুধবার সন ১৩৭০ সাল।

# স্বাধীনতার স্বাদহীনতা সাধহীনতা

—•—

বিশেষ করে স্বাধীনতা লাভ করিবার আগে স্বনামধন্য স্বর্গত নেতা ৺মতিলাল নেহরুর একমাত্র কৃতবিদ্য, সর্ব্বগুণ-সম্পন্ন পুত্র বর্ত্তমানে স্বাধীন ভারতের এক এবং অদ্বিতীয় প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরুজীকে বিশেষভাবে জিজ্ঞাসা করি—স্বাধীনতা পাইলে এবং ভারতের শাসন হাতে পাইলে যে সব কার্য্য সুসম্পন্ন করিবেন বলিয়া জোর গলায় সদর্প ভাষণ দিয়াছিলেন, যদি সে সব বচনামৃত "টেপ—রেকর্ড" রাখিয়া আজ পণ্ডিতজীকে সেই রেকর্ড বাজাইয়া শুনানো যাইত তবে তাহা শুনিয়া নিজেই লজ্জায় অধোবদন হইতেন। তবে আমাদের বিশ্বাস লজ্জা ব'লে যে দুর্ব্বলতা তাহা পণ্ডিতজীর মত বীরপুরুষের নাই বলিয়াই মনে হয়।

যখন পণ্ডিতজী স্বাধীনতার বক্তৃতা করিতেন আবালবৃদ্ধবনিতা মুগ্ধ হইয়া সকলেই এক বাক্যে "পণ্ডিতজী জিন্দাবাদ! পণ্ডিতজী জিন্দাবাদ!" বলিয়া আকাশ বাতাস ধ্বনিত করিয়া তুলিত। সকলেই পণ্ডিতজীর কথিত স্বাধীনতার আগমন দিনের মুখ চাহিয়াছিল। আজ স্বাধীনতার ষষ্ঠদশ বৎসর পূর্ণ হইতে চলিয়াছে। দেশের লোক কি আশা করিয়াছিল আর তাহার স্থানে কি পাইয়াছে? এই ষোল বৎসরই তিনি একাই এই স্বাধীন দেশের প্রধান মন্ত্রী অন্য কেহ একদিনও তাহাতে বিঘ্নোৎপাদন করিতে পারেন নাই। বলিতে গেলে তিনিই যেন ভারতের একছত্র শাসনকর্ত্তা!

আমরা পণ্ডিতজীকে এক বাদশাহের গল্প শুনাইতে ইচ্ছা করি। গল্পটি—

বাদশার দরবারে এক বাইজী নৃত্য গীত করিবার জন্য আসর করিয়াছে। বাইজী এক একটী গান গাহে আর নাচে। বাদশাহ্ প্রত্যেকবারই তাহাকে বাহবা দিয়া ব:লন—"বহুৎ আচ্ছা বাইজী! ইয়ে গানকে লিয়ে হাজার রুপেয়া বক্‌শিস্।"

বাইজী ১৪টি গান গাহিয়া প্রত্যেকবারই এক হাজার হিসাবে চৌদ্দ হাজার টাকা পুরস্কারের আশা করিয়া পর দিন দরবারে হাজির হইয়া খোদাবন্দকে সেলাম দিল। বাদশা বাইজীকে দেখিয়া সানন্দে জিজ্ঞাসা করিলেন ক্যা খবর? বাইজী?

বাইজী উত্তর দিল—"কাল রাতকো জনাব বান্দীকো চৌদে ঠো গাওনাকে লিয়ে চৌদে হাজার রুপেয়া বকশিস হুকুম দিয়া। বান্দী ওহি আরজ লেকে হাজির।" বাদশাহ জিজ্ঞাসা করিলেন—বাইজী! "গাওনা কোন চিজ্ হায়?"

বাইজী—জনাব! গাওনা মুকা বাৎ। তাল্‌সে সুরসে বলনে সে গাউনা বোলা জাতাহে।

বাদশা বলিলেন—বাইজী! তোম্ যব তাল্‌সে সুরসে মুঝ্‌কো বাৎ শুনায়া তব্ হামারা দিল খোস্ হো গিয়া। ঔর হাম যব তোমকো এক এক গাওনাকে লিয়ে হাজার রুপেয়া শুনায়া তব তুম্‌হারী দিল খুশ হুয়া কি নেহি?

বাইজী বলিল—বহুৎ খুশ হুয়া।

বাদশা বলিলেন—বাইজী হাম্‌কো বাৎসে খুশ কিয়া হাম উনকী বাৎসে খুশী কিয়া। লেনাদেনা ক্যা হায় বাইজী।

পণ্ডিতজী যে ভাষণ দিয়েছিলেন তা মুখের কথা। আর আমরা যে পণ্ডিতজী জিন্দাবাদ, পণ্ডিতজী জিন্দাবাদ বলেছি এও মুহ্‌কা বাৎ। উনি আমাদের বাৎসে খুশী করেছেন।

---

## কালিকা ফার্ম্মেসী

রঘুনাথগঞ্জের জনপ্রিয় ঔষধের দোকান 'কালিকা ফার্ম্মেসী" এতদিন যে ঘরে ছিল তার উত্তর দিকে নিজস্ব নবনির্ম্মিত দ্বিতল গৃহে প্রতিষ্ঠিত হ'য়েছে।

---

## সশস্ত্র পুলিশবাহিনীতে ভর্ত্তি

আগামী ৩রা ও ৪ঠা মে জঙ্গিপুর (রঘুনাথগঞ্জ) ডাক বাংলাতে সশস্ত্র পুলিশবাহিনীতে লোক ভর্ত্তি করা হইবে। কর্ম্মপ্রার্থিগণকে নিজেদের শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট এবং চরিত্রের সার্টিফিকেট সহ নিয়োগকেন্দ্রে উপস্থিত হইতে হইবে।

---

## প্রধান শিক্ষকের সাফল্য

মহম্মদ সোহরাব, এম-এস-সি, বি-টি, বাড়ালা রামদাস সেন উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তিনি এবারে ইসলামিক ইতিহাসে প্রাইভেটে এম-এ পরীক্ষা দিয়ে দ্বিতীয় শ্রেণীতে প্রথম স্থান লাভ করেছেন। তাঁর সাফল্যে আমরা আনন্দিত। সব চেয়ে আনন্দের কথা তিনি এই জঙ্গিপুর মহকুমার রসুনপুর গ্রামের অধিবাসী।

---

## প্রধান শিক্ষকের অপকর্ম্ম

ইতিহাস-প্রসিদ্ধ গিরিয়া গ্রামে একটি জুনিয়র হাই স্কুল আছে। এই স্কুলের প্রধান শিক্ষক রাইসুদ্দিন আহম্মদ এবার জঙ্গিপুর মহাবিদ্যালয়ের পরীক্ষা-কেন্দ্রে বি-এ পরীক্ষা দিচ্ছিলেন। উত্তরপত্র লিখবার সময় অসদুপায় গ্রহণ করার জন্য পরীক্ষা-মন্দির হ'তে বহিষ্কৃত হয়েছেন। তাঁর কৃতকর্ম্মের জন্য আমরা বিশেষ লজ্জিত। তিনিও এই জঙ্গিপুর মহকুমার গ্রামাঞ্চলের অধিবাসী। বিভিন্ন সংবাদ-পত্রে তাঁর অপযশের খবর ছাপা হ'য়েছে।

---

## খসড়া ভোটার তালিকা

জঙ্গিপুর মহকুমার ১৯৬৩ সালের খসড়া ভোটার তালিকা ১লা মে হইতে ৩১শে মে পর্য্যন্ত নিম্নলিখিত স্থানে দেখিতে পাওয়া যাইবে।

৪১-ফরক্কা—ধুলিয়ান মিউনিঃ অফিস

৪২-সুতী—সুতী থানা গৃহ

৪৩-জঙ্গিপুর—জঙ্গিপুর মহকুমা অফিস

৪৪-সাগরদীঘি—বি-ডি-ও, অফিস সাগরদীঘি

---

## ঘাটের পাশে তাড়ির দোকান

রঘুনাথগঞ্জ ৫নং ওয়ার্ডে ডোমপাড়া খেয়াঘাটে পি-ডব্লিউ-ডির বিশ্রাম ঘরের ডান পাশে ইদানীং তাড়ির দোকান খোলা হ'য়েছে। ইতিপূর্ব্বে এখানে কখনও তাড়ির দোকান ছিল না। এটা স্নানের ঘাট ও খেয়াঘাট। প্রতিনিয়ত এই ঘাটে বহু নরনারী স্নান করার ও পারাপার হওয়ার উদ্দেশ্যে যান। ইহার অনতিদূরে ভদ্রপল্লী অবস্থিত। বৈকালে ও রাত্রিতে অনেক মহিলা ও পুরুষ সিনেমা দেখার জন্য এই রাস্তায় যাতায়াত করেন। পূর্ব্বে বহুলোক প্রাতঃ ও সান্ধ্য ভ্রমণের জন্য এই রাস্তায় আসতেন কিন্তু বর্ত্তমানে তাড়ির দুর্গন্ধে কেহই আসেন না। এরকম চালু রাস্তার পাশে তাড়ির দোকান খোলা আদৌ সমর্থনযোগ্য নহে। অবিলম্বে ইহার স্থান পরিবর্ত্তনের জন্য বিভাগীয় কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## জঙ্গিপুর গ্রন্থমেলা

রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে গত ২২শে এপ্রিল থেকে ২৮শে এপ্রিল পর্য্যন্ত জঙ্গিপুর গ্রন্থমেলা অনুষ্ঠিত হ'য়েছে। এই অনুষ্ঠানে শ্রীগৌরীশঙ্কর ভট্টাচার্য্য, শ্রীবিধায়ক ভট্টাচার্য্য, শ্রীকানু বন্দ্যোপাধ্যায় শ্রীবিষ্ণু সরস্বতী, শ্রীউপেন্দ্রনাথ ভট্টাচার্য্য, শ্রীবিবেকানন্দ মুখোপাধ্যায় মহাশয়গণ বিভিন্ন দিনে আগমন ক'রেছিলেন।

---

## সাইকেল চোর ধৃত

গত ২৩শে এপ্রিল মঙ্গলবার রঘুনাথগঞ্জের বিশিষ্ট ব্যবসায়ী শ্রীবামাপদ চন্দ্র মহাশয়ের দোকান হইতে একখানি সাইকেল চুরি করিবার সময় চোর হাতেনাতে ধরা পড়িয়াছে। চোরকে থানায় দেওয়া হইয়াছে। চোরের নাম সাবের আলি, বাড়ী সমসেরগঞ্জ থানার সাহেবনগর। প্রকাশ—সে ইতিপূর্ব্বে আরও সাইকেল চুরি করিয়াছে বলিয়া স্বীকার করে।

---

## ধর্ম্মগোলার ভিত্তি প্রস্তর

বিগত ১৯শে এপ্রিল শুক্রবার বৈকাল ৫ ঘটিকার সময় মুর্শিদাবাদের জেলা শাসক শ্রীদিলীপকুমার গুহ মহাশয়ের সভাপতিত্বে সাগরদীঘি থানার চাঁদপাড়া গ্রামে আদিবাসী সম্প্রদায়ের ধর্ম্মগোলার ভিত্তি প্রস্তর স্থাপিত হইয়াছে। সভাপতি মহাশয় ও জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয় ধর্ম্মগোলার তাৎপর্য্য সকলকে বিশেষভাবে বুঝাইয়া দেন। সভায় বি. ডি. ও., সাগরদীঘি, জঙ্গিপুরের মহকুমা প্রচারক ও অন্যান্য সরকারী ও বেসরকারী ভদ্রমহোদয় যোগদান করেন। আদিবাসী সম্প্রদায়ের বহু নরনারী সমবেত হইয়াছিলেন।

---

## তালগাছ হ'তে পতনে মৃত্যু

গত ১২ই বৈশাখ শুক্রবার রঘুনাথগঞ্জ থানার গদাইপুর গ্রামের শ্রীমটর মাঝি তালগাছ হ'তে পড়ে গিয়ে ভীষণভাবে আহত হয়। তাকে জঙ্গিপুর হাসপাতালে আনা হয়। এ্যাম্বুলেন্স যোগে বহরমপুর হাসপাতালে যাবার সময় পথিমধ্যে তার মৃত্যু হ'য়েছে।

---

## নোটীশ

মুর্শিদাবাদ জেলার অন্তর্গত নবগ্রাম থানার অধীন নবগ্রাম পচুই মদের দোকান এবং জিয়াগঞ্জ থানার অধীন আজিমগঞ্জ গাঁজার দোকান ১৯৬৩-৬৪ সালের জন্য বন্দোবস্ত করা হইবে। তজ্জন্য পঁচাত্তর নয়া পয়সা মূল্যের কোর্টফি সহ দরখাস্তকারীর পূর্ণ নাম, পিতার নাম, বর্ত্তমান এবং স্থায়ী বাসস্থান, বয়স, শিক্ষাগত যোগ্যতা, আর্থিক সঙ্গতি ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

ইংরাজী ১০।৫।৬৩ তারিখ পর্য্যন্ত দরখাস্ত বহরমপুর জেলা আবগারী অফিসে গ্রহণ করা হইবে।

স্বাঃ—এস, কে, ব্যানার্জি
কালেক্টর পক্ষে অন্তঃশুল্ক ধ্যক্ষ।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৩ই মে, ১৯৬৩

১৯৬১ সালের ডিক্রীজারী

৪১ মনি ডিঃ জ্যোৎস্নাময়ী সরকার দিং দেং গোষ্ঠবিহারী নাথ দিং দাবি ৭৯ টাকা ৭৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ১১ শতকের কাত ৮৵৫ পাই আঃ ৪০৲ খং ২২৪০ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ১১ শতকের কাত ৮৵৫ পাই আঃ ৪০৲ খং ২২৪২ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ৪ শতকের কাত ।৶৮ পাই আঃ ১৮৲ খং ১২৪১ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ৪ শতকের কাত ।৶৮ পাই আঃ ১৮৲ খং ২২৪৩ ঐ স্বত্ব

১৯৬২ সালের ডিক্রীজারী

৩৬ মনি ডিঃ বন্যেশ্বর সিংহ দিং দেং ভবেশচন্দ্র দাস দাবি ২২৩ টাকা ৬৬ নঃ পঃ থানা সুতি মৌজে গাম্ভিরা ১২ শতকের কাত ১/৫ আঃ ৪০৲ খং ২৪৭ স্থিতিবান স্বত্ব দেন্দারের অর্দ্ধাংশ ২নং লাট মৌজাদি ঐ ১-৬০ শতকের কাত ৩৷৵০ আঃ ৪০০৲ খং ৪৪১ ঐ স্বত্ব দেন্দারের অর্দ্ধাংশ ৩নং লাট মৌজাদি ঐ ৫৮ শতকের কাত ৩৶১১ আঃ ১৫০৲ খং ৪৬০ ঐ স্বত্ব দেন্দারের অর্দ্ধাংশ

৪৫ মনি ডিঃ আবদুল খালেক সেখ দেং হাবিব খাঁ দিং দাবি ২১০ টাকা ৬২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সুজাপুর ৩-৫৪ শতকের কাত ১০।৬ তন্মধ্যে ৬৯ শতকের পরতামত কাত ২৵০ আঃ ২০০৲ খং ৭ রায়ত স্থিতিবান স্বত্ব

৫১ অন্য ডিঃ দফরপুর ইউনিয়ন কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটী লিঃ দেং মহেন্দ্র মাল দাবি ৮২ টাকা ৩৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নূতনগঞ্জ ২৫ শতকের কাত ।৩ আঃ ১০০৲ খং ৯১ রায়ত স্থিতিবান স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২১শে মে, ১৯৬৩

১৯৬২ সালের ডিক্রীজারী

১১ মনি ডিঃ সাবিত্রীবালা দেবী দেং স্নেহলতা দেবী দিং দাবি ২৬৭ টাকা ৭৪ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে কাস্তনগর ২-৯৬ শতক হারাহারি জমা ৬৲ আঃ ১০০০৲ খং ৩০৪ রায়ত স্থিতিবান স্বত্ব

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মুল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটার সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## চ্যবনপ্রাশ

নিয়মিত সেবনে খাস, কাশ ও হাঁপানি রোগ চিরতরে নিরাময় হয়

প্রাপ্তিস্থান—

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।